

নির্বাহী আদেশ

আইনের সাময়িক স্বগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখা  
সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি নিউ ইয়র্ক স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করে; এবং

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

সুতরাং, এখন আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্কার যেকোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা বিলম্বিত করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার জন্য প্রয়োজন হলে সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, অতএব, আমি এতদ্বারা আইনের সকল স্বগিতাদেশ এবং পরিবর্তন, এবং সেই সকল নির্দেশ যা কার্যনির্বাহী আদেশ 202.22 থেকে 202.26, 202.32, 202.33, 202.34, 202.35, 202.44, 202.45 এবং 202.53-তে উল্লিখিত নির্দেশগুলি, যেমন নির্বাহী আদেশ 202.57-তে অব্যাহত রাখা এবং উল্লিখিত, সেগুলি 18 অক্টোবর 2020 পর্যন্ত আরো ত্রিশ দিনের জন্য অব্যাহত এবং অপরিবর্তিত রাখছি, এবং আমি এতদ্বারা নিম্নলিখিতগুলি সাময়িকভাবে স্বগিত রাখছি বা পরিবর্তিত করছি এই নির্বাহী দেশের তারিখ থেকে 18 অক্টোবর 2020 পর্যন্ত:

- শ্রম আইনের (Labor Law) ধারা 522এই পরিসর পর্যন্ত পরিবর্তিত করা যাতে "মোট বেকারত্ব" প্রতি দিন, আংশিক সময়ের কাজ যা 18 সেপ্টেম্বর, 2020এবং 3 নভেম্বর 2020এর মধ্যে সম্পাদন করা হয় নিউ ইয়র্ক স্টেট বোর্ড অফ ইলেকশন্স বা একটি স্থানীয় নির্বাচন বোর্ডের জন্যজন্য, যেখানে সকল নিয়োগকর্তার থেকে অর্জিত সাপ্তাহিক আয় 504.00 মার্কিন ডলার অতিক্রম করে না এবং নিয়োগকর্তা মূল দাবিতে সনাক্ত করা পৃথককারী নিয়োগকর্তা নন, এবং দাবীদারের জন্য সেই আংশিক-সময়ের কাজের রিপোর্ট করা প্রয়োজনীয় করে না সাপ্তাহিক সুবিধা সার্টিফাই করার সময়।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের (Executive Law) আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের দ্বারা, আমি এতদ্বারা নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করছি যা 18 অক্টোবর 2020 পর্যন্ত কার্যকর থাকবে:

- নির্বাহী আদেশ 202.48 এ উল্লিখিত নির্দেশিকা, যা 202.28 সালে নির্বাহী আদেশের নির্দেশিকা পরিবর্তন করেছে যা ভাড়া পরিশোধ না করার জন্য কোন বাণিজ্যিক ভাড়াটেকে উচ্ছেদ বা উচ্ছেদের প্রক্রিয়া শুরু করা বা কোন বাণিজ্যিক বন্ধকের ফোরক্লোজার নিষিদ্ধ করে 20 অক্টোবর 2020 পর্যন্ত অব্যাহত রাখে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের নিজস্ব

সিলমোহরসহ দুই হাজার বিশ সালের

সেপ্টেম্বর মাসের অষ্টাদশতম দিনে এটি প্রদান  
করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব